কালের কণ্ঠ

তারিখ 05 MAR 2018
পৃষ্ঠা ২০ কলাম ১

# ১০১০ জন কওমি আলেমের সরকারি চাকরি শুরু আজ

নিজস্ব প্রতিবেদক ▷

কওমি সনদের সরকারি স্বীকৃতির পর আজ সোমবার সকাল ১০টায় একসঙ্গে এক হাজার ১০ জন কওমি আলেম, সরকারি চাকরিতে যোগ দিচ্ছেন। তাঁরা ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের দারুল আরকাম ইবতেদায়ি মাদরাসায় কওমি নেসাবের শিক্ষক হিসেবে যোগ দেবেন।

গতকাল রবিবার ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বাংলাদেশের ইতিহাসে একসঙ্গে এত কওমি আলেমের সরকারি চাকরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সরকারি চাকরিতে যোগ দেওয়ার পর তিন দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেবেন কওমি আলেমরা। আজ বায়তুল মোকাররম জাতীয় মসজিদ মিলনায়তনে ওই কর্মশালার উদ্বোধন করবেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন ধর্মবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি র. আ. ম. উবায়দুল

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৮

# ১০১০ জন কওমি আলেমের সরকারি চাকরি শুরু আজ

▶▶ শেষ পৃষ্ঠার পর

মোকতাদির চৌধুরী এমপি, ধর্মসচিব মো. আনিছুর রহমান, বাংলাদেশ আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট শেখ মোহাম্মদ আবদুল্লাহ ও ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের গভর্নর মিছবাহুর রহমান চৌধুরী উপস্থিত থাকবেন।

২০১৭ সালের ১১ এপ্রিল কওমি মাদরাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতি দেওয়ার ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর দুই দিন পর কওমি মাদরাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতি দিয়ে আদেশ জারি করে সরকার।